

চুক্তির ভিত্তিতে দৈনিক আমানত সংগ্রাহক (DDS Agent)

নিযুক্তিকরণের বিজ্ঞপ্তি

মেমো নং: 920 /25-26

তারিখ: ৯ই ফেব্রুয়ারী, ২০২৬

মোবাইল-অ্যাপের মাধ্যমে গ্রাহকদের দৈনিক আমানত (Daily Collection) সংগ্রহের উদ্দেশ্যে নিম্নলিখিত এলাকায় DDS Agent হিসেবে চুক্তিভিত্তিক নিযুক্তিকরণের জন্য ইচ্ছুক প্রার্থীদের থেকে খসড়া আবেদন পত্র মোতাবেক দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আমানত সংগ্রহের এলাকা:

তমলুক মহকুমার তমলুক ১ নং ব্লক, নন্দকুমার ব্লক ও সমগ্র তমলুক পৌর এলাকা।

শূন্যপদ: ২ (দুই)

বয়সসীমা: প্রাপ্তবয়স্ক পুরুষ / মহিলা প্রার্থী, সর্বোচ্চ বয়সসীমা ৫০ বছর পর্যন্ত।

শিক্ষাগত যোগ্যতা:

স্বীকৃত শিক্ষা পর্ষদ থেকে ন্যূনতম দশম standard উত্তীর্ণ হতে হবে।

➤ মৌলিক শর্তাবলী:

- ❖ প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে এবং দায়িত্বশীলভাবে ও দক্ষতার সঙ্গে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ❖ প্রার্থীর ভালো জনসংযোগ দক্ষতা (communication skill) থাকতে হবে।
- ❖ কোনো প্রকার প্রতারণা / অর্থ-তহরুপ সংক্রান্ত পূর্ব রেকর্ড থাকা চলবে না।
- ❖ প্রার্থীর ভোটার / আধার কার্ডের ঠিকানা সংশ্লিষ্ট অঞ্চলের হতে হবে।
- ❖ সাম্প্রতিক স্ট্যাম্প সাইজ রঙিন ছবি (২ কপি) সহ ভোটার কার্ড, আধার কার্ড ও PAN কার্ডের স্ব-প্রত্যয়িত কপি জমা দিতে হবে।
- ❖ DDS মোবাইল অ্যাপ ও Bluetooth প্রিন্টার-এর মূল্য বাবদ Rs.35,000/- (ফেরৎযোগ্য নয়) জমা করা আবশ্যিক।
- ❖ প্রার্থীর নিজস্ব স্মার্টফোন ও দু'চাকার মোটরযান থাকা আবশ্যিক।
- ❖ ৭ (সাত) দিনের দৈনিক সংগ্রহ সীমা অনুযায়ী একটি Special Overdraft Limit সুবিধা প্রদানের জন্য প্রার্থীকে প্রয়োজনীয় স্বাবর সম্পত্তি ব্যাঙ্কে mortgage করতে হবে।
- ❖ সংশ্লিষ্ট অঞ্চলের বিশিষ্ট ব্যক্তিকে জামিনদার হিসাবে থাকতে হবে।

➤ অতিরিক্ত শর্তাবলী:

- প্রতি মাসের শেষে দৈনিক সংগ্রহের মোট পরিমাণের উপর 1.75% হারে কমিশন এজেন্টকে প্রদান করা হবে। কমিশনের হার সময় বিশেষে পরিবর্তন যোগ্য।



- মাসিক কমিশনের ৫ শতাংশ তিন বছরের জন্য Agent-এর নামে Recurring Deposit অতিরিক্ত জামিন (ফেরৎযোগ্য) হিসাবে থাকবে।

বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ: ৯ই ফেব্রুয়ারী ২০২৬

আবেদন গ্রহণের শেষ তারিখ: ১৬ই ফেব্রুয়ারী ২০২৬, বিকাল ৪:০০ পর্যন্ত

আবেদনপত্র জমা করিবার স্থান:

শাখা আধিকারিক, কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, নন্দকুমার শাখা, নন্দকুমার, পূর্ব মেদিনীপুর।

সাধারণ নির্দেশনা

আবেদনপত্র নির্ধারিত শাখা/কার্যালয়ে সরাসরি জমা দিতে হবে; ডাকযোগে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে—

- সাম্প্রতিক স্ট্যাম্প সাইজ রঙিন ছবি- ২ কপি
- ভোটার কার্ডের স্ব-প্রত্যয়িত কপি
- আধার কার্ডের স্ব-প্রত্যয়িত কপি
- PAN কার্ডের স্ব-প্রত্যয়িত কপি

অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত সময়সীমার পরে প্রাপ্ত কোনো আবেদন বিবেচনার যোগ্য বলে গণ্য হবে না। প্রয়োজনবোধে ব্যাঙ্ক কর্তৃপক্ষ যেকোনো প্রার্থীকে সাক্ষাৎকার বা অতিরিক্ত যাচাইয়ের জন্য আহ্বান করতে পারেন।

নিযুক্তির ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত ও সকলের জন্য বাধ্যতামূলক বলে বিবেচিত হবে। ব্যাঙ্কের স্বার্থের পরিপন্থী কোনো কার্যকলাপ, অসদাচরণ, অনিয়ম, অর্থ-তহরুপ বা শর্তভঙ্গের ক্ষেত্রে ব্যাঙ্ক কর্তৃপক্ষ পূর্ব নোটিশ ব্যতিরেকেও চুক্তি বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে। এই নিয়োগ সম্পূর্ণরূপে চুক্তিভিত্তিক; নিযুক্ত ব্যক্তি কোনো অবস্থাতেই স্থায়ী নিয়োগের দাবি বা আবেদন করতে পারবেন না।

ব্যাঙ্ক কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তির যেকোনো শর্ত সংশোধন, সংযোজন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং এই বিষয়ে কোনো প্রকার দাবি বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

এম.ডি ও সি.ই.ও

কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

প্রধান কার্যালয়, কাঁথি, পূর্ব মেদিনীপুর

MD & CEO
Contai Co-operative Bank Limited



আবেদনপত্রের নির্ধারিত ফরম্যাট

To

The Branch Manager,
Contai Co-operative Bank Limited
Nandakumar Branch,
Nandakumar, Purba Medinipur

মাননীয় মহাশয়,
আমি আপনাদের প্রকাশিত পত্রাঙ্ক সংখ্যা _____ তাং _____ মোতাবেক নন্দকুমার
শাখায় চুক্তি ভিত্তিক আমানত সংগ্রাহক হিসাবে নিযুক্তিকরণের আবেদন জানাচ্ছি।

জীবনপঞ্জি

নাম :-

বাবার / স্বামীর নাম :-

ঠিকানা ও মোবাইল নং :-

বয়স :-

শিক্ষাগত যোগ্যতা :-

অনুরূপ কাজের পূর্ব অভিজ্ঞতা :- হ্যাঁ / না

যদি পূর্ব অভিজ্ঞতা থাকে তার বিবরণ :-

জামিনদারের নাম ঠিকানা এবং মোবাইল নং :-

আমি ব্যাঙ্কের পত্রাঙ্ক অনুযায়ী নিজেকে যোগ্য হিসাবে বিবেচনা করছি। আমার আধার, ভোটার ও PAN Card এর copy
আবেদনের সাথে সংশ্লিষ্ট করছি। পত্রাঙ্কে উল্লিখিত সমস্ত শর্তাবলী আমি মেনে চলতে বাধ্য থাকব।

ইতি বিনীত / বিনীতা

জামিনদারের স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর

তাং :-

স্থান :-